অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো অংশিদারিত্ব ঘোষণা করেছেন লিডেস্ট্রি ফুড অ্যান্ড ড্রিংক (LIDESTRI FOOD AND DRINK) এবং ক্রুপ্স N.V.-র মধ্যে ইস্টম্যান বিজনেস পার্কে (EASTMAN BUSINESS PARK, EBP)

সংস্থাগুলি খাবার জন্য প্রস্তুত খাদ্য তৈরি করবে নতুন 65.000 বর্গ-ফুট স্থানটিতে

51.3 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি 120টিরও বেশি নতুন কাজ তৈরি করবে; বেশ কিছু কাজ পূরণ করবেন যারা দারিদ্র্যের দ্বারা প্রভাবিত

কমিউনিটিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে স্টেটের বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward) " এর সম্পুরকের কাজ করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো রচেস্টারে খাদ্য সংস্থা লিডেস্ট্রি ফুড অ্যান্ড ড্রিংক এবং বেলজিয়ামের ক্রুপ্স N.V.-র মধ্যে অংশিদারিত্বের কথা আজ ঘোষণা করেছেন| স্টেটের সহায়তা সহ সফল সংস্থাগুলি এক নতুন সংস্থা গড়ে তুলবে যা খাবার জন্য প্রস্তুত খাদ্য তৈরি করবে একটি নতুন 65,000 বর্গ-ফুটের স্থানে ইস্টম্যান বিজনেস পার্কে| এই অংশীদারিত্বের ফলে 123 জনের পূর্ণ সময়ের কর্ম সংস্থান সৃষ্টি হবে আগামী পাঁচ বছর ধরে এবং 900 জনের চাকরি বজায় রাখা যাবে লিডেস্ট্রির দুটি ফিঙ্গার লেক অঞ্চলে| নতুন স্থানের নির্মাণ ছাড়াও, এই 51.3 মিলিয়ন মার্কিন ডলার প্রকল্পটির মধ্যে থাকবে উত্পাদন সারির যোগদান, একটি রেলের এক্সটেনশন এবং ইউটিলিটির আপগ্রেড|

"উদ্ভাবনী প্রকল্পে বিনিয়োগ করে এবং অংশীদারিত্বের মাধ্যমে আমরা মূল শিল্পগুলি বৃদ্ধি করছি স্টেট জুড়ে এবং আরো কর্ম সংস্থান সৃষ্টি করছি নিউ ইয়র্কবাসীদের জন্য", **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন অংশিদারিত্ব এই অঞ্চলের দুর্দান্ত কৃষি সম্পদকে দৃষ্টিগোচর করতে থাকবে এবং আঞ্চলিকভাবে তৈরি ফিঙ্গার লেক্স ফরোয়ার্ড প্ল্যানের (Finger Lakes Forward plan) প্রচেষ্টার উপর ভিত্তি করে সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে এবং সম্পূর্ণ অঞ্চল জুড়ে অর্থনৈতিক বৃদ্ধি উত্পাদন করার কাজ চালিয়ে যাবে|"

"এই প্রকল্পটি লিডেস্ট্রির নির্মাণ কাজ উল্লেখযোগ্যভাবে প্রসারিত করবে রচেস্টারে বেড়ে ওঠা ইস্টম্যান বিজনেস পার্কে", **বলেন লেফ্টনান্ট গভর্নর ক্যাথি হচুল, যিনি প্রকল্পটির কথা ঘোষণা করেন রচেস্টারে স্টেটের বাজেট উপস্থাপনায়|** "স্টেটের সাহায্য সহ, নতুন স্থানটি খাদ্য এবং কৃষি শিল্পকে আরো বৃদ্ধি করবে এবং নতুন কাজ সৃষ্টি করবে এই অঞ্চলে| রাষ্ট্রের বিনিয়োগগুলির মধ্যে সরকারী ও ব্যক্তিগত সংস্থার বিনিয়োগগুলির মধ্যে এই শীর্ষস্থানীয় বিনিয়োগটি নিশ্চিত করে যে ফিঙ্গার লেকসের কৃষি শিল্পে অগ্রণী থাকা যেন অবিরত থাকে|"

4 মিলিয়ন মার্কিন ডলার অবধি এই প্রকল্পের জন্য উপলব্ধ করা হচ্ছে ফিঙ্গার লেক্স ফরোয়ার্ড আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়াটিভের (Upstate Revitalization Initiative, URI) মাধ্যমে| আরো 4 মিলিয়ন মার্কিন ডলারও হয়ত প্রদান করা হতে পারে এক্সেলসিওর ট্যাক্স ক্রেডিট (Excelsior Tax Credit Program) প্রোগ্রামের মাধ্যমে কাজ সৃষ্টির অঙ্গীকারের বিনিময়ে| URI ক্যাপিটাল অনুদান অনুযায়ী মোট 4 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের মধ্যে 1 মিলিয়ন মার্কিন ডলার অঞ্চলের দারিদ্র বিরোধী প্রচেষ্টার সাথে জড়িত থাকবে| সংস্থাটিকে 33 জন মানুষকে চাকরি দিতে হবে যারা তাদের যোগ্যতার নির্ণায়ক পূরণ করবেন রচেস্টার-মনরো দারিদ্র বিরোধী কর্মোদ্যোগের (Rochester-Monroe Anti-Poverty Initiative) জন্য|

লিডেস্ট্রি ফুড অ্যান্ড ড্রিংক পাস্তা, সস, ডিপস, এবং সালসা প্রস্তুত করে| সংস্থাটি ব্যক্তিগত লেবেল পরিষেবা প্রদানও করে সস, ডিপস, তেল এবং ভিনিগার, স্পিরিট এবং জৈব পণ্যের জন্য| সংস্থাটি আসলে তৈরি হয় 1975 সালে ক্যান্টিসানো ফুডস ইনক (Cantisano Foods, Inc) হিসেবে| সংস্থাটির নাম পরিবর্তন করা হয় 2003 সালে যখন সেটি লিডেস্ট্রি পরিবার কিনে নেয়| সংস্থাটির দুটি নির্মাণ স্থান আছে মনরো কাউন্টিতে (ফেয়ারপোর্ট এবং গ্রিস-EBP)| লিডেস্ট্রি সম্পর্কে আরও তথ্য এখানে উপলব্ধ।

ক্রুপস N.V. ইওরোপে হিমায়িত খাবার নির্মাণ এবং বিতরণ করে| এটি একক ফল, মিশ্র ফল, পিউরি, স্মুদি, বেকারি, এবং ফলের বুফে; এবং লাল, হলুদ, সাইট্রাস, বৈদেশিক, জঙ্গলের, জৈব ফল ইত্যাদি প্রদান করে| এছাড়া সংস্থাটি সরবরাহ করে একক এবং সিদ্ধ সবজি, ছাকা তেলে তৈরি সবজি, গ্রিল করা সবজি, এবং জৈব পণ্য| সংস্থাটি 1948 সালে বেলজিয়ামে প্রতিষ্ঠিত হয়| সংস্থাটির কোস্টা রিকাতে ও চিলিতেও ফেসিলিটি আছে| ক্রুপস N.V. সম্বন্ধে আরো তথ্য এখানে উপলব্ধ।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "ইস্টম্যান বিজনেস পার্ক পুনরুজ্জীবিত করে তুলছে লিডেস্ট্রি এবং ক্রুপস N.V. এবং তাদের অংশিদারিত্ব প্রমান করে সফল সংস্থাগুলি ফিঙ্গার লেক্স অঞ্চলে থাকা এবং বেড়ে ওঠার সুবিধাগুলি বোঝেন|"

জন সি. লিডেস্ট্রি, কো-প্রেসিডেন্ট, লিডেস্ট্রি ফুড অ্যান্ড ড্রিংক বলেন, "আমাদের ইউরোপীয় অংশীদারদের থেকে একটি উদ্ভাবনশীল পণ্য নিয়ে আসছি বলে আমরা উত্তেজিত যা শুধু পরিবারগুলির জন্য কর্ম সংস্থানই প্রদান করবে না, বরং এক উদ্ভাবনী, জনপ্রিয় স্বাস্থ্যকর বিকল্প প্রদান করবে পরিবারগুলিকে|"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Finger Lakes Regional Economic Development Council) মনরো কাউন্টি কমিউনিটি কলেজের সহ-সভাপতি (Monroe Community College) প্রেসিডেন্ট অ্যান ক্রেস এবং বৃহত্তর রোচেস্টার চেম্বার অব কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও সিইও বব ডাফি বলেছেন, "ইস্টম্যান বিজনেস পার্ককে পুনরুজ্জীবিত করা এবং লিডেস্ট্রি ও ক্রুপস N.V.-র মত প্রতিষ্ঠিত সংস্থাগুলিকে সাহায্য করা ফিঙ্গার লেক্স রিজিওনাল কাউন্সিল (Finger Lakes Regional Economic Development Council) এবং অঞ্চলের ফিঙ্গার লেক্স ফরোয়ার্ড ইনিশিয়েটিভের (Finger Lakes Forward Initiative) সব চেয়ে জরুরি কাজ| এই সকল প্রচেষ্টার দ্বরা আমরা অঞ্চলটিকে সঠিক পথে চালিত করছি, সংস্থাগুলিকে আত্মবিশ্বাস এবং সহায়তা প্রদান করে, যা তাদের বেড়ে উঠতে এবং বৃদ্ধি পেতে প্রয়োজন, অর্থনীতি সংক্রান্ত সুযোগ সৃষ্টি করে আসন্ন বছরগুলিতে|"

স্টেট সেনেটর জো রোবাচ বলেছেন, "ইস্টম্যান বিজনেস পার্কের রূপান্তরণের জন্য লিডেস্ট্রি ফুড অ্যান্ড ড্রিংক একটি অনুঘটকের কাজ করেছে এবং আমাদের অঞ্চলের সব চেয়ে দ্রুত বেড়ে ওঠা নিয়োগকর্তা হয়ে উঠেছে| এই উত্তেজনাময় অংশিদারিত্ব আরো বেশি কাজ নিয়ে আসবে পুনরুজ্জীবিত ইস্টম্যান বিজনেস পার্কের জন্য| ফিঙ্গার লেক্স রিজিওনাল কাউন্সিলের (Finger Lakes Regional Economic Development Council) সদস্য হিসেবে এই প্রকল্পে স্টেটের বিনিয়োগ এবং উল্লেখযোগ্য ট্যাক্স ডলার আমাদের সমাজে ফিরে আসছে দেখে আমি গর্বিত|"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেছেন, "আমি জন সি. লিডেস্ট্রি এবং লিডেস্ট্রি ফুড অ্যান্ড ড্রিংক এবং বেলজিয়ামের ক্রুপস N.V.-র তারিফ করি আমাদের অঞ্চলের প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য| কোম্পানি এবং গভর্নর কুওমোর আজকের ঘোষণা দেখায় যে রোচেস্টার এলাকার একটি শক্তিশালী, বৈচিত্র্যময়, এবং দক্ষ কর্মীবাহিনী রয়েছে এবং ভবিষ্যৎ কর্মসংস্থান তৈরি করার ক্ষেত্রে অর্থনৈতিক অবস্থানে আছে। আমি লিডেস্ট্রির বৃদ্ধি এবং তাদের প্রসারিত রচেস্টারের ক্যাম্পাসে আরো নতুন কর্মসংস্থানের ব্যবস্থা দেখার জন্য উদগ্রীব|"

মনরো কাউন্টি এক্সিকিউটিভ চেরিল ডিনোলফো বলেছেন, "বহু দশক ধরে লিডেস্ট্রি ফুডস ভালো মানের খাদ্য পণ্য তৈরি করছে ঠিক এখানে, মনরো কাউন্টিতে যা পাওয়া যেতে পারে আমাদের বহু রান্নাঘরের কাবার্ডে| লিডেস্ট্রি এই নতুন অংশিদারিত্বে প্রসারিত হয়ে আরো নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করার সময় মনরো কাউন্টি সহায়ক অংশীদারের কাজ করতে পেরে রোমাঞ্চিত| আমি লিডেস্ট্রিকে ধন্যবাদ জানাতে চাই তাদের অবিরত অঙ্গীকারবদ্ধতার সাথে এখানে তাদের ব্যবসা বাড়ানোর জন্য এবং স্থানীয় বাসীন্দাদের শয়ে শয়ে চাকরি প্রদান করার জন্য|"

বৃহত্তর রোচেস্টার এন্টারপ্রাইজ এর প্রেসিডেন্ট এবং সিইও ম্যাট হার্লবাট বলেছেন, "লিডেস্ট্রি ফুডস একটি দক্ষ কর্মপ্রবাহ এবং সম্পূর্ণরূপে সমন্বিত খাদ্য উৎপাদন সরবরাহ শৃঙ্খলা সহ তাদের দ্রুত ব্যবসা সম্প্রসারণ পরিকল্পনাগুলিকে সমর্থন করার জন্য রচেস্টার, NYতে উপলব্ধ মূল্যবান সম্পদগুলিকে স্বীকৃতি দেয়। উপরন্তু, ইস্টম্যান বিজনেস পার্কে উপলব্ধ সাশ্রয়ী মূল্যের ইউটিলিটি এবং পরিকাঠামো এটিকে তাদের ব্যবসায়িক সম্প্রসারণের ক্ষেত্রে একটি বুদ্ধিমান পছন্দ করে তুলেছে।"

ইস্টম্যান বিজনেস পার্কের প্রেসিডেন্ট এবং ইস্টম্যান কোডাক সংস্থার (Eastman Kodak Company) চিফ ফায়নান্সিয়াল অফিসার ডেভিড বুলউইঙ্কেল বলেন,"ইস্টম্যান বিজনেস পার্কের নতুন বসবাসকারীরা পার্কের বৃদ্ধির প্রতি অবদান রাখা অবিরত রেখেছে| পার্কে প্রায় 110টি সংস্থা কাজ করে যার ফলে নতুন ব্যবহারকারীরা এক নতুন গতিশীলতা লাভ করে, আমরা 2019 সালে আরো কিছু নিয়ে আসার চেষ্টা করছি| ইস্টম্যান বিজনেস পার্কের সংস্থানগুলি খাদ্য ও পানীয় প্রক্রিয়াকরণের জন্য, বায়োফার্মা এবং রোল-টু-রোল নির্মানের ক্ষেত্রে খুবই উপযুক্ত|"

এই প্রকল্পটি রচেস্টারে ইস্টম্যান বিজনেস পার্কের অবিরত সাফল্যের উপর ভিত্তি করে গড়ে উঠেছে| ইস্টম্যান বিজনেস পার্ক, যেখানে কোডাক এক শতাব্দীরও বেশি সময় আগে ফটোগ্রাফিক ফিল্ম এবং কাগজ উৎপাদন শুরু করেছিল, এই অঞ্চলের পুনর্নবীকরণে সাহায্যের জন্য পুনরুজ্জীবিত করা হয়েছে। আজকে, ক্যাম্পাসটি প্রায় 110টি সংস্থাকে সহায়তা প্রদান করে, 6,000 এরও বেশি মানুষকে নিয়োগ করে| লিডেস্ট্রি ফুড অ্যান্ড ড্রিংক ছাড়াও, অন্যান্য ব্যবসা যেমন ON সেমিকন্ডাক্টর (ON Semiconductor), AIM ফটোনিক্স (AIM Photonics), কোডাক, ডুপন্ট (DuPont), সাইনএ কেমিস্ট্রি (SiGNa Chemistry), হ্যারিস (Harris), কেয়ারস্ট্রিম (Carestream), কলাম্বিয়া কেয়ার (Columbia Care), অর্থ ক্লিনিকাল ডায়াগনোসিস (Ortho

Clinical Diagnostics), লাভ বিটস (Love Beets) এবং অ্যাকোয়েস্ট ডেভেলপমেন্ট (Acquest Development) ইস্টম্যান পার্কে অবস্থিত|

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক, এই এলাকায় ব্যাপক অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। 2012 সাল থেকে স্টেট ইতিমধ্যে পরিকল্পনাটির বুনিয়াদ হিসেবে এই অঞ্চলে ফোটোনিকস, কৃষি ও খাদ্য উৎপাদন, এবং অগ্রসর উৎপাদন সহ মুখ্য শিল্পগুলিতে বিনিয়োগ করার মাধ্যমে 5.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন